

আর্থিক বছরের সময়সীমা বৃদ্ধি ঘোষণা ব্যাঙ্ক অফ বরোদার

স্টাফ রিপোর্টার: দেশ জুড়ে করোনা নামক মহামারীর জেরে তৈরি হয়েছে আতঙ্ক। তাই মার্চ মাসের ৩১ তারিখে শেষ হচ্ছে না চতুর্থ ত্রৈমাসিক। ব্যাঙ্ক অফ বরোদার পক্ষ থেকে ফিন্যান্সিয়াল সময় বাড়ানোর কথা ঘোষণা করা হয়েছে।

বিজনেস করেসপন্ডেন্টের জন্য ২ হাজার টাকা করে অর্থনৈতিক সাহায্যের কথা ঘোষণা করা হয়েছে। বিসি এজেন্টরা যাতে হাইজিন এবং ব্যাঙ্ক বরোদার বিভিন্ন আউটলেটে স্যানিটাইজেশনের কাজ সঠিক ভাবে করতে পারে তার জন্য এই অর্থ দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। এছাড়াও কর্মচারীদের মাস্ক, গ্লাফস দেওয়া হয়েছে। কাজের সময় প্রতিটি এজেন্টকে প্রতিদিন ১০০ টাকা করে অতিরিক্ত দেওয়ার কথা ঘোষণা করেছে ব্যাঙ্ক অফ বরোদা। দেশের দ্বিতীয় বৃহত্তম পাবলিক সেক্টর ব্যাঙ্ক হিসেবে কর্মচারীদের খেয়াল রাখার বিষয়ে বিশেষ উদ্যোগ নিয়েছে ব্যাঙ্ক কর্তৃপক্ষ। এমনটাই জানিয়েছেন ব্যাঙ্ক অফ বরোদার এগজিকিউটিভ ডিরেক্টর বিক্রমাদিত্য সিং খিচি। তিনি বলেন, ব্যাঙ্ক অফ বরোদার গ্রাহকদের কথা মাথায় রেখে লক ডাউনের সময় অর্থাৎ ১৪ এপ্রিল পর্যন্ত যে সমস্ত ব্যাঙ্ক কর্মীরা পরিষেবা দেবেন ১০টা থেকে ৫টা পর্যন্ত তাঁদের করোনা সংক্রান্ত বিষয়গুলি খেয়াল রাখা হবে। কর্মচারীদের স্যানিটাইজেশন, হ্যান্ড ওয়াশ সহ অন্যান্য পরিষেবা দেওয়া হবে।